



তথ্যবিবরণী

নম্বর:৩৮

## ময়মনসিংহে সাতদিন ব্যাপি বিভাগীয় বইমেলায় উদ্বোধন

ময়মনসিংহ (২২ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি.):

আজ ২২ সেপ্টেম্বর শুক্রবার হতে ২৮ সেপ্টেম্বর সাতদিন ব্যাপি ময়মনসিংহ বিভাগীয় বইমেলা-২০২৩ উদ্বোধন হয়েছে। এ মেলায় ১০টি সরকারি প্রতিষ্ঠান ও ৫১টি বেসরকারি প্রকাশকবৃন্দের প্রতিষ্ঠানসহ মোট ৬১টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করছে। বইমেলায় কচিকাঁচার উৎসব, কুইজ, বিতর্ক ও চিত্রাংকন প্রতিযোগিতার ইভেন্ট এবং মুক্তিযোদ্ধাদের গল্প শোন অনুষ্ঠানের আয়োজন রয়েছে। এছাড়াও প্রতিদিন সন্ধ্যায় বিভিন্ন শিল্পগোষ্ঠীর পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে। বিভাগীয় কমিশনার উম্মে সালামা তানজিয়ার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপি।

প্রধান অতিথির বক্তৃতায় প্রতিমন্ত্রী বলেন, পাক ভারত বিভক্তির পর প্রথম আক্রমণ হলো বাংলা ভাষার ওপর। স্বাধীনতার পরও ভাষা ও সংস্কৃতির উপর বারবারই এমন আক্রমণ হয়েছে এবং আমাদের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি ক্ষতিগ্রস্ত হয়েছে। আজকের বিভাগীয় বইমেলায় মধ্যে দিয়ে আমরা সেই ক্ষতি পুষিয়ে নেয়ার চেষ্টা করছি। বই হচ্ছে ইতিহাস, ঐতিহ্য এবং সংস্কৃতির ধারক ও বাহক। তাই সংস্কৃতিকে লালন করতে বই পড়ার কোন বিকল্প নেই।

বই পড়াকে উৎসাহিত করতে আলোকিত মানুষ হওয়ার প্রত্যয়ে সংস্কৃতি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সহযোগিতায় এ মেলা অনুষ্ঠিত হচ্ছে। বিভাগীয় প্রশাসনের ব্যবস্থাপনায় টাউন হল প্রাঙ্গণে জাতীয় গ্রন্থকেন্দ্র এটি আয়োজন করেছে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ময়মনসিংহের অতিরিক্ত ডিআইজি সাজ্জাদুর রহমান, সিটি কর্পোরেশনের সিইও মোঃ ইউসুফ আলী, জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজার রহমান, জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক মিনার মনসুর, সংস্কৃতি মন্ত্রণালয়ের উপসচিব রাজিব কুমার সরকার, ময়মনসিংহ জেলা আওয়ামী লীগের সভাপতি মোঃ এহতেশামুল আলম, ময়মনসিংহ সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি ফরিদ আহমদ দুলাল, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির পরিচালক আব্দুর রফ মোশারফ, কবি নজরুল ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক এ এফ এম হেদায়েতুল্লাহ।

#

মনির/ নাইম/ দেওয়ান/ ২০২৩/১৮:০০ ঘণ্টা